

কেউই মরার জন্য কাজে যায় না

স্বাস্থ্য ও সুরক্ষা সংক্রান্ত কিছু মৌলিক বিষয়

- আপনার একটি ট্রেড ইউনিয়নে যোগ দেওয়ার অধিকার রয়েছে।
- সেই ট্রেড ইউনিয়নটির আপনার স্বাস্থ্য ও সুরক্ষা বজায় রাখার ব্যবস্থা করা উচিত।
- সুরক্ষা সংক্রান্ত উদ্বেগগুলি তুলে ধরার জন্য আপনাকে কোন ভাবেই বরখাস্ত বা শাস্তিপ্রদান করা উচিত নয়।
- আপনার সাথে কাজ করা ট্রেড ইউনিয়ন কর্মীরা আপনার মালিকের চেয়ে বেশী আপনাকে সুরক্ষিত রাখবে, যদি আপনারা একসাথে সুরক্ষার ব্যাপারে কাজ করেন।
- প্রথমেই যোগাযোগ করার জন্য একজন সুরক্ষা বিশেষজ্ঞ: যেমন একজন ম্যানেজার, বা পরামর্শদাতা বা তথাকথিত "বিশেষজ্ঞ"-এর বদলে একজন ট্রেড ইউনিয়ন সুরক্ষা প্রতিনিধিকে বেছে নেওয়া ভাল হবে।
- আপনি সম্ভবত: কখনোই একজন অফিসিয়াল ইম্পেক্টরের দেখা পাবেন না।
- আপনি যদি একজন অফিসিয়াল ইম্পেক্টরের দেখা পান, দু'খের সাথে বলতে হচ্ছে যে, এটি হতে পারে কারণ হয়তো কেউ মারা গিয়েছেন বা একটি খুবই বিপজ্জনক ঘটনা ঘটেছে।
- আপনার সুরক্ষার জন্য, আপনি কখনো আপনার কাছে বিপজ্জনক মনে হচ্ছে এরকম কিছু করবেন না, যা করার প্রশিক্ষণ আপনার নেই - সমস্ত উল্লেখযোগ্য সমস্যার ব্যাপারে আপনার তথ্য, নির্দেশাবলী এবং প্রশিক্ষণ পাওয়ার অধিকার রয়েছে।
- আপনার যদি মনে হয় কোন কিছু বিপজ্জনক এবং যার ফলে আপনার বা অন্য কারো মারাত্মক আঘাত বা মৃত্যু হতে পারে, সে ক্ষেত্রে তা আপনি করবেন না, যতক্ষণ না আপনি, এবং সম্ভবত: একজন প্রশিক্ষিত স্বাস্থ্য ও সুরক্ষা প্রতিনিধি, সন্মত হচ্ছেন যে, প্রয়োগকৃত নিরাপদ কার্যধারাগুলি ঝুঁকিগুলিকে নিয়ন্ত্রণের মধ্যে নিয়ে এসেছে।

যাচাই না করে, যে কাজগুলি করবেন না তার উদাহরণগুলি:

- উঁচুতে অনিরাপদভাবে কাজ করা।
- এসবেস্টস ও সম্ভাব্যভাবে এসবেস্টসযুক্ত জিনিসগুলি নিয়ে কাজ করা।
- অনিরাপদ/খারাপভাবে রক্ষণাবেক্ষিত/নষ্ট বা ত্রুটিযুক্ত উপকরণ নিয়ে করা কোনকিছু।
- আগুনের ঝুঁকি থাকা কোনকিছু।
- বিষাক্ত রাসায়নিক নিয়ে কাজ করা।
- বিদ্যুতায়িত হয়ে যাওয়ার ঝুঁকিযুক্ত কোন পরিস্থিতি।
- পরিবহন: কার, ভ্যান, ভারী মালবহনকারী যান, ডাম্পার, বিশেষজ্ঞ প্লান্ট।

এই তালিকাটি যথেষ্ট নয়।